দৈনিক ইনকিলাব

তারিখ ... JUL 24 1999
পৃষ্ঠা ২ কলাম ৪

# এলজিইডি ৮ হাজার গ্রামীণ সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সম্প্রসারণ কাজ শুরু করতে যাচ্ছে

আবদুল মান্নান ॥ স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) দেশের ৮ হাজার গ্রামীণ সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সম্প্রসারণ কাজ শুরু করতে যাচ্ছে। এই সব স্কুলের সম্প্রসারণ, সংস্কার ও মেরামতের কাজ সম্পন্ন করার লক্ষ্যে স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ ৭০০ কোটি টাকার একটি প্রকল্প হাতে নিচ্ছে। বর্তমানে এই প্রকল্পের বিভিন্ন দিক নিয়ে আলোচনা ও পর্যালোচনা করা হচ্ছে। একটি ওয়াকিবহাল সূত্র জানায়, গত মঙ্গলবার স্থানীয় সরকার প্রকৌশল দপ্তরে অনুষ্ঠিত এক উচ্চ পর্যায়ের বৈঠকে উল্লেখিত বিষয়সহ বিভিন্ন জরুরী ও গুরুত্বপূর্ণ বিষয়াবলী নিয়ে আলোচনা হয়। স্থানীয় সরকার সচিব বদিউর রহমান গত বৃহস্পতিবার স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি ভবন) পরিদর্শনে গেলে পরিদর্শন শেষে এই উচ্চ পর্যায়ের বৈঠক অনুষ্ঠিত হয়। এছাড়া সভায় সারাদেশের ইউনিয়ন পর্যায়ে ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্র এবং ইউনিয়ন পরিষদ ভবন নির্মাণের জন্য প্রকল্প গ্রহণের বিষয়াবলী নিয়েও আলোচনা করা হয়। (৯-এর পাতায় দেখুন)

# এলজিইডি ৮ হাজার গ্রামীণ সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সম্প্রসারণ কাজ শুরু করতে যাচ্ছে

(প্রথম পৃষ্ঠার পর)

সভায় স্থানীয় সরকার বিভাগের মহাপরিচালক এমএ কাশেম, স্থানীয় সরকার প্রকৌশল দপ্তরের প্রধান প্রকৌশলী মনোয়ার হোসেন চৌধুরী, অতিরিক্ত প্রধান প্রকৌশলী শহীদ হাসান ও অতিঃ প্রধান প্রকৌশলী আতাউল্লাহ ভূঁইয়া প্রমুখ উর্ধ্বতন কর্মকর্তা উপস্থিত ছিলেন। সভায় এই দপ্তরে দীর্ঘদিনের অনিয়ম, দুর্নীতি ও বিশৃংখলা দূরীকরণের বিভিন্ন দিক নিয়ে আলোকপাত করা হয় এবং স্থানীয় সরকার সচিব প্রশাসনিক সংস্কারের ওপর গুরুত্বারোপ করেন। সভায় দীর্ঘদিন যাবত এই প্রতিষ্ঠানে নিয়োগ-বদলিতে তদবির, স্বেচ্ছাচারিতা, বিদেশে প্রশিক্ষণ/পোস্টিং পাওয়ার ক্ষেত্রে স্বজনপ্রীতি ও স্বেচ্ছাচারিতা-দূরীকরণ এবং কর্মকর্তা ও কর্মচারীরা যাতে যথাসময়ে পদোন্নতি ও জ্যেষ্ঠতার ভিত্তিতে পদোন্নতি পান সে ব্যাপারে কঠোর নীতিমালা অনুসরণের ওপর গুরুত্বারোপ করা হয়। সভায় নতুন প্রধান প্রকৌশলী অত্র দপ্তরে যোগদানের পর থেকেই তদবির ও যখন-তখন বদলির আদেশ বন্ধ হওয়ায় সন্তোষ প্রকাশ করা হয়। এর ফলে ইতোমধ্যেই অত্র দপ্তরে কাজের একটি সুস্থ ও শান্তিপূর্ণ পরিবেশ ফিরে এসেছে বলে সূত্র উল্লেখ করেন। সূত্র জানান এখন বদলি, পোস্টিং ও বিদেশে নিয়োগ প্রতিষ্ঠানের নিয়ম অনুযায়ী হবে এবং এ ব্যাপারে কোন রাজনৈতিক ব্যক্তির বা উর্ধ্বতন ব্যক্তিদের তদবিরের প্রয়োজন হবে না। এ ব্যাপারে কাউকে আর সময় ক্ষেপণও করতে হবে না। সূত্র জানান, সভায় ৫৩টি প্রকল্পের অগ্রগতি, ভবিষ্যৎ কর্মপন্থা নিয়ে আলোচনা করা হয়। সভায় প্রকল্প বাস্তবায়নে অসুবিধা দূরীকরণে পরামর্শ দেয়া হয় এবং এসব ব্যাপারে আশু ব্যবস্থা গ্রহণের আশ্বাস দেয়া হয়। সভায় বিভিন্ন প্রকল্পের চতুর্থ শেষ কিস্তির টাকা জুন মাসে ছাড় করার অসুবিধাসমূহ আলোকপাত করা হয় এবং জুনের আগে এই টাকা ছাড় করার আশ্বাস দেয়া হয়।

সূত্র জানান, কিছুদিন আগেও স্থানীয় সরকার প্রকৌশল দপ্তরে যে বদলি আতঙ্ক ছিল– তা কেটে যাচ্ছে এবং কর্মকর্তা-কর্মচারীরা এখন একটি সৌহার্দ্যপূর্ণ পরিবেশে কাজ করছেন। এই পরিবেশ বজায় থাকলে কাজের অগ্রগতি আশাব্যঞ্জক হবে বলে সূত্র আশা প্রকাশ করেন। সভায় কাজের সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনার ব্যাপারে দপ্তরের সর্বস্তরের কর্মচারীদের সহযোগিতা কামনা করা হয় বলে সূত্র উল্লেখ করেন।